মিশিগানে কানাইঘাটীদের মিলনমেলা

সুলায়মান আল মাহমুদ: ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রের মিশিগানে কানাইঘাট ওয়েলফেয়ার এসোসিয়েশনের উদ্যোগে বার্ষিক বনভোজন সম্পন্ন হয়েছে। মিশিগানের ট্রয় সিটির রেইনট্রি পার্কে দিনভর চলে অনুষ্ঠান। বনভোজনের পাশাপাশি বিভিন্ন ইভেন্টে আয়োজন করা হয় প্রতিযোগিতার। শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। বনভোজনে মিশিগানে বসবাসরত সিলেটের কানাইঘাট উপজেলার বাসিন্দাগণ সপরিবারে অংশ নেন। অনুষ্ঠানকে ঘিরে যুক্তরাষ্ট্রের মিশিগানের বুকে একদিনের জন্য জেগে উঠে এক খণ্ড কানাইঘাট। সবমিলিয়ে বনভোজন ঘিরে কানাইঘাটবাসীর এক মিলনমেলা বসে মিশিগানে।

বনভোজন ঘিরে দিনভর আনন্দ-উল্লাস, খাওয়া-ধাওয়া ও ক্রীড়া প্রতিযোগিতা শেষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসোসিয়েশনের সভাপতি শরীফ উদ্দিন আহমদের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক জাকারিয়া রহমানের পরিচালনায় প্রধান অতিথি ছিলেন মিশিগানে ভ্রমণরত কানাইঘাট উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আশিক উদ্দিন চৌধুরী।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাবেক সভাপতি খাজা শাহাব আহমদ, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল হক, এসোসিয়েশনের উপদেষ্টা অলিউর রহমান, ডা: এমদাদুর রহমান, ওয়ালিউর রহমান, শফিকুল আম্বিয়া চৌধুরী, ইকমাম আহমদ চৌধুরী শিব্বির, গ্রেটার জৈন্তা এসোসিয়েশন অফ মিশিগান ইউএস-এর নেতৃবৃন্দ। এছাড়াও উপস্থিত ছিলেন অত্র সমিতির সদস্যবৃন্দ সহ প্রায় তিন শতাধিক কানাইঘাটি।

শিশু-কিশোরদের খেলাধুলা পরিচালনায় ছিলেন সংগঠনের সাবেক সহ-সাধারণ সম্পাদক ফয়জুর রহমান, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক আব্দুর রহমান, সহ-সাধারণ সম্পাদক কয়েস আহমদ, প্রচার সম্পাদক আহসান হাবিব

চৌধুরী , জাহেদ , রুহেল , খাজা আফজাল প্রমুখ।